



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়  
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।  
**ঋণ আদায় বিভাগ।**



ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং ০১/২০২১

তারিখঃ ২৪/০২/২০২১ খ্রিঃ

বিষয়ঃ বিদ্যমান সুদ মওকুফ সংক্রান্ত নীতিমালা ০২/২০১৮ তারিখ ০৬/০৮/২০১৮ স্পষ্টীকরণ প্রসংগে।

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, ব্যাংকিং অনুবিভাগ, প্রশাসন শাখা-১ হতে জারীকৃত ২৯/০৬/২০০৬ তারিখের অম/অবি/ ব্যাংকিং/শাখা-১/বিবিধ-১০/২০০১-২০৭ নং পত্রের মাধ্যমে রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সুদ মওকুফের ক্ষেত্রে নির্দেশনা ও পরবর্তীতে ১২/০২/২০০৮ তারিখের অম/অবি/ব্যাংকিং/শাখা-১/বিবিধ-১০/২০০১(অংশ-১)/৬৭ নং পত্রের মাধ্যমে প্রদত্ত নির্দেশনার আলোকে ৩১/০৭/২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭১৫তম সভার সিদ্ধান্ত মোতাবেক অত্র ব্যাংক কর্তৃক ইতোপূর্বে সুদ মওকুফ সংক্রান্ত জারীকৃত নীতিমালাসমূহ বাতিলকরতঃ ০৬/০৮/২০১৮ তারিখে ঋণ আদায় মহাবিভাগের পরিপত্র নং-০২/২০১৮ মূলে অত্র ব্যাংকের জন্য পূর্ণাঙ্গ সুদ মওকুফ নীতিমালা জারী করা হয়, যা অদ্যাবধি বলবৎ আছে।

০২। উক্ত নীতিমালার বিষয়ে মাঠ পর্যায়ে নিম্নোক্ত কয়েকটি বিষয়ে অস্পষ্টতা থাকায়, স্পষ্টীকরণের জন্য প্রধান কার্যালয়ের বিভিন্ন পর্যায়ে যোগাযোগ করা হচ্ছে এবং সুনির্দিষ্ট নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছেঃ


- কনজুমার ড্রেডিট ঋণ এর ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে কিনা বা এ নীতিমালা অনুসরণে উক্ত খাতে বিতরিত ঋণ সমূহে প্রযোজ্য ক্ষেত্রে সুদ মওকুফ সুবিধা প্রদান করা যাবে কিনা-
- আর্থ-সামাজিক কর্মকান্ডের আওতাধীন প্রকল্প কর্মসূচীর আওতায় ২৭টি চালু প্রকল্পে এবং মেয়াদ সমাপ্ত ১৪টি প্রকল্পের ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে কিনা বা এ নীতিমালা অনুসরণে উক্ত খাতে বিতরিত ঋণসমূহে প্রযোজ্য ক্ষেত্রে সুদ মওকুফ সুবিধা প্রদান করা যাবে কিনা-
- শস্য ঋণ খাতে প্রদত্ত ঋণ হিসাবসমূহ এর ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে কিনা বা এ নীতিমালা অনুসরণে উক্ত খাতে বিতরিত ঋণসমূহে প্রযোজ্য ক্ষেত্রে সুদ মওকুফ সুবিধা প্রদান করা যাবে কিনা-
- নীতিমালায় উল্লেখিত (৪.২৩) এর আওতায় ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে তদপূর্ববর্তী বছরের ৩০শে জুন হিসাব সমাপনীতে ঋণটি বিএল মানে শ্রেণীকৃত ও ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে তদপূর্ববর্তী বছরের ৩০শে জুন পর্যন্ত হিসাব সমাপনীতে ঋণটি ৩ বছর বিএল মানে শ্রেণীকৃত থাকতে হবে মর্মে শর্তারোপ করা আছে। এক্ষেত্রে শস্য ও মাইক্রো ড্রেডিট খাতের ঋণ হিসাবসমূহ বিএল হওয়ার জন্য ০৫(পাঁচ) বছর অপেক্ষা করতে হয়। এক্ষেত্রে আরোপিত ও অনারোপিত সুদের বোঝা বৃদ্ধিসহ শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাস করা সম্ভব হয় না। এক্ষেত্রে কি করণীয়-

০৩। বর্ণিত অবস্থায়, মাঠ পর্যায়ে উত্থাপিত অস্পষ্টতার বিষয়গুলো বিগত ২০-০১-২০২১ ইং তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৭৮৩ তম সভায় উপস্থাপন করা হলে তা ১০-০২-২০২১ ইং তারিখে অনুষ্ঠিত পর্ষদের ৭৮৪তম সভায় নিম্নোক্তভাবে দৃঢ়ীকরণ করা হয়েছেঃ

- কনজুমার ড্রেডিট ঋণ এর ক্ষেত্রে ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুসরণে উক্ত খাতে বিতরিত ঋণসমূহে সুদ মওকুফ সুবিধা(প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করা যাবে;
- আর্থসামাজিক কর্মকান্ডের আওতাধীন প্রকল্প কর্মসূচীর আওতায় প্রকল্পসমূহের ক্ষেত্রে ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুসরণপূর্বক উক্ত খাতে বিতরিত ঋণ সমূহে প্রযোজ্য ক্ষেত্রে সুদ মওকুফ সুবিধা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করা যাবে; এবং
- শস্য ঋণ খাতে প্রদত্ত ঋণ হিসাব সমূহ এর ক্ষেত্রে ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুসরণে উক্ত খাতে বিতরিত ঋণসমূহে সুদ মওকুফ সুবিধা(প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করা যাবে।

০৪। ব্যাংকের বিদ্যমান সুদ মওকুফ সংক্রান্ত নীতিমালা ০২/২০১৮ তারিখ ০৬/০৮/২০১৮ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রম-

  
(মোঃ আজিজুল বারী)  
মহাব্যবস্থাপক  
ঋণ আদায় মহাবিভাগ (অতিঃ দায়িত্বে)


প্রকা/আদায়-২(১)/২০২০-২০২১/১২৪৩(১২০০)

ই-মেইলযোগে

তারিখঃ ২৪-০২-২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি(সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)।
- ১০। নথি/ মহানথি।

  
(মুহম্মদ সাজ্জাদ হোসেন)  
উপ-মহাব্যবস্থাপক